গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
বগুড়া।
Email: deobogra@gmail.com, Web: www.deobogra.gov.bd

স্মারক নং- ৩৭.০২.১০০০.০০০.১৮.০০১.২৪/; ১৬৫ তারিখ: ১০/০৩/২০২৪খ্রি.

বিষয় ঃ ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৪ উদ্যাপন প্রসংগে।

সূত্র ঃ জেলা প্রশাসক, বগুড়ার স্মারক নং-০৫.৫০.১০০০.০০৬.০২.০৪৮.২৪.২৯৬; তারিখ ঃ ১০-০৩-২০২৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদ্যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী ক. সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করে স্ব-স্ব কর্মসূচি প্রণয়ন পূর্বক যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্যাপন খ. জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসের জাতীয় অনুষ্ঠানটি প্রচার করার ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্ত সমূহ প্রতিষ্ঠান প্রধানদের অবহিতকরণসহ বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দিবস পালনের স্থিরচিত্রসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ ০৪ পাতা।

১০/০৩/২০২৪
(মোঃ হযরত আলী)
জেলা শিক্ষা অফিসার
বগুড়া।

প্রাপক ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল)
........................................, বগুড়া।

বিতরণ ঃ

০১। জেলা প্রশাসক, বগুড়া
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বগুড়া।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া।
০৪। দপ্তর নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বগুড়া
(সাধারণ শাখা)
(www.bogra.gov.bd)

## ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সাইফুল ইসলাম<br>জেলা প্রশাসক, বগুড়া |
| সভার স্থান | : | জেলা প্রশাসক এর সম্মেলন কক্ষ 'করতোয়া' |
| তারিখ | : | ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সুধীবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বগুড়া ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২৩/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সভাপতি দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্ত সকলের মূল্যবান পরামর্শ ও সুচিন্তিত মতামত আহ্বান করেন। বিস্তারিত আলোচনান্তে দিবসটি উদ্‌যাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় রেখে নিম্নরূপ কর্মসূচি/সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

সিদ্ধান্ত -১: কর্মসূচি প্রণয়ন

| তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৭/০৩/২০২৪ | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে যথাযথ মর্যাদায় জাতীয় পতাকা উত্তোলন | স্ব স্ব প্রতিষ্ঠান | জাতীয় পতাকা পর্যবেক্ষণ উপকমিটি |
| ১৭/০৩/২০২৪<br>সকাল ১০.০০ টা | জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | বটতলা চত্বর, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া | পুষ্পস্তবক অর্পণ উপকমিটি |
| ১৭/০৩/২০২৪<br>সকাল ১০.৩০ টা | আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | জেলা পরিষদ মিলনায়তন | আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপকমিটি |
| ১৭/০৩/২০২৪<br>সুবিধাজনক সময়ে | জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষ্যে সকল ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠানের আয়োজন | সকল উপাসনালয়, বগুড়া | প্রার্থনা উপকমিটি |
| ১৭/০৩/২০২৪<br>যথাসময়ে | বিটিভিতে প্রচারিত জাতীয় শিশু দিবসের জাতীয় অনুষ্ঠানটি মুজিব মঞ্চ ও অন্যান্য জনবহুল স্থানে প্রচার | মুজিব মঞ্চ ও জনবহুল উন্মুক্ত স্থানে | সিনিয়র তথ্য অফিসার, বগুড়া |

গ) আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপকমিটি:

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বগুড়া | আহ্বায়ক |
| ২. | অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ), বগুড়া | সদস্য |
| ৩. | অধ্যক্ষ, পুন্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, বগুড়া | সদস্য |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার, সদর, বগুড়া | সদস্য |
| ৫. | নেজারত ডেপুটি কালেক্টর, বগুড়া | সদস্য |
| ৬. | জনাব গাজী মূয়ীদুর রহমান, সহকারী কমিশনার | সদস্য |
| ৭. | জনাব রেবেকা সুলতানা ডলি, সহকারী কমিশনার | সদস্য |
| ৮. | জনাব খায়রুল্ল হাসান, সহকারী কমিশনার | সদস্য |
| ৯. | জনাব ফয়সাল মাহমুদ, সহকারী কমিশনার | সদস্য |
| ১০. | সিনিয়র তথ্য অফিসার, বগুড়া | সদস্য |
| ১১. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বগুড়া | সদস্য |
| ১২. | জেলা কালচারাল অফিসার, বগুড়া | সদস্য |
| ১৩. | প্রধান শিক্ষক, জিলা স্কুল, বগুড়া | সদস্য |
| ১৪. | জনাব রুহুল আমিন বাবলু, বীর মুক্তিযোদ্ধা | সদস্য |
| ১৫. | সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, বগুড়া | সদস্য |
| ১৬. | সভাপতি, প্রেস ক্লাব, বগুড়া | সদস্য |
| ১৭. | জনাব আমজাদ হোসেন মিন্টু, সাংবাদিক | সদস্য |
| ১৮. | সভাপতি/সাঃ সম্পাদক, সম্মিলিত সাংস্কৃতিক জোট | সদস্য |
| ১৯. | সভাপতি, বাংলাদেশ গ্রাম থিয়েটার, বগুড়া | সদস্য |
| ২০. | সভাপতি/সাঃ সম্পাদক, বঙ্গবন্ধু শিশু কিশোর মেলা | সদস্য |
| ২১. | সাংস্কৃতিক সম্পাদক, বগুড়া জেলা আওয়ামীলীগ | সদস্য |

ঘ) প্রার্থনা উপকমিটি:

| | | |
|---|---|---|
| ১. | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া | আহ্বায়ক |
| ২. | জনাব আবু শাহমা, সহকারী কমিশনার | সদস্য |
| ৩. | সহকারী পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, বগুড়া | সদস্য |
| ৪. | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বগুড়া | সদস্য |
| ৫. | পরিচালক, ওয়াই এম সি এ, বগুড়া | সদস্য |
| ৬. | সাধারণ সম্পাদক, ইসলামিক স্টাডিজ গ্রুপ | সদস্য |
| ৭. | পেশ ইমাম, কেন্দ্রীয় বড় মসজিদ, বগুড়া | সদস্য |

ঙ) জাতীয় পতাকা পর্যবেক্ষণ উপকমিটি:

| ক্রম | বিবরণ | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া | আহ্বায়ক |
| ২. | অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ),বগুড়া | সদস্য |
| ৩. | নেজারত ডেপুটি কালেক্টর, বগুড়া | সদস্য |
| ৪. | জনাব মোঃ সাদমান আকিফ, সহকারী কমিশনার | সদস্য |
| ৫. | জনাব নাহিয়ান মুনসীফ, সহকারী কমিশনার | সদস্য |
| ৬. | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বগুড়া | সদস্য |
| ৭. | সিনিয়র তথ্য অফিসার, বগুড়া | সদস্য |
| ৮. | জেলা শিক্ষা অফিসার, বগুড়া | সদস্য |
| ৯. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া | সদস্য |

বিবিধ সিদ্ধান্ত :

১. পুলিশ সুপার, বগুড়া দিবসের সকল কর্মসূচিতে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন।

২. উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব-স্ব উপজেলায় জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে কর্মসূচি গ্রহণ করবেন।

৩. সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে যাতে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালিত হয় সে বিষয়ে বিশেষভাবে তত্ত্বাবধানের জন্য জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে মনিটরিং টিম গঠন করবেন। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে দিবস পালনের স্থিরচিত্রসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে। এ বিষয়ে জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪. শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসের জাতীয় অনুষ্ঠানটি প্রচারের বিষয়ে জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ১৭ মার্চ বায়তুর রহমান জামে মসজিদে ১০৪ (একশত চারজন) জন হাফেজের অংশগ্রহণে পবিত্র কোরআন তেলাওয়াতের জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বগুড়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এক্ষেত্রে সভাপতি, চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাস্ট্রি, বগুড়া সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

৬. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া পৌরসভার অন্তর্গত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, গণ্যমান্য ব্যক্তিগণ এবং সাংস্কৃতিক কর্মীদের দিবসের কর্মসূচিতে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাবেন।

৭. বিভিন্ন গুরুত্বপূর্ণ গ্রোথ সেন্টারে বঙ্গবন্ধুর উপর নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শনের জন্য জেলা তথ্য অফিসার, বগুড়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৮. জেলা পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারি জেলার কর্মসূচিতে অংশগ্রহণ করবেন এবং উপজেলার সকল কর্মকর্তা/কর্মচারি উপজেলার কর্মসূচিতে অংশগ্রহণ করবেন।

৯. জেলা কালচারাল অফিসার, বগুড়া এবং সিনিয়র তথ্য অফিসার, বগুড়া প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর উপর প্রামাণ্য চিত্র এবং শিশুদের সাথে বঙ্গবন্ধুর ছবি আর্কাইভ থেকে সংগ্রহপূর্বক প্রদর্শন করবেন।

১০. স্থানীয় সংবাদ পত্র ও বিভিন্ন ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়া বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর গুরুত্ব আরোপ করে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ এবং সংবাদ প্রচার করবেন।

১১. নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১ ও ২, নেসকো পিএলসি., বগুড়া সকল কর্মসূচিতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১২. মেয়র, বগুড়া পৌরসভা এবং নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বগুড়া বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি ও সরকারের আর্থিক সাশ্রয় নীতি সংক্রান্ত নির্দেশনা অনুসরণক্রমে দিবসের গুরুত্ব ও ভাবমূর্তি বিবেচনায় গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে আলোকসজ্জার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩. মেয়র, বগুড়া পৌরসভা বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও অন্যান্য স্থাপনায় জাতীয় শিশু দিবসের তাৎপর্যের আলোকে ব্যানার, ফেস্টুন, প্লেকার্ড, রংঙিন পতাকা ইত্যাদি দ্বারা সজ্জিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪. মেয়র, বগুড়া পৌরসভা মুজিবমঞ্চ, বীরশ্রেষ্ঠ স্কয়ার, মাটিডালী মোড়সহ শহরের প্রধান প্রধান সড়ক, সড়কদ্বীপ ও আশেপাশের এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন ও সাজসজ্জার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫. সভাপতি/ সাধারণ সম্পাদক, স্বাচিপ, বগুড়া শহীদ খোকন পার্কে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির আয়োজন করবেন।

১৬. সকল সরকারি/বেসরকারি/আধাসরকারি ও স্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠান জাতীয় শিশু দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ, আলোকসজ্জার ব্যবস্থা ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করবেন।

১৭. দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি, মুক্তিযোদ্ধা, সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান এবং রাজনৈতিক, সামাজিক , সাংস্কৃতিক ও ধর্মীয় সংগঠন, ক্রীড়া সংস্থা, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া, ব্যবসায়ী সংগঠন ও উদ্যোক্তাসহ সকলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

পরিশেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৪ উদ্‌যাপনের জন্য আয়োজিত সকল কর্মসূচি বাস্তবায়নে সকলের অংশগ্রহণ এবং সার্বিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৩/২০২৪

(মোঃ সাইফুল ইসলাম)
জেলা প্রশাসক
বগুড়া
টেলিফোন ঃ ০২৫৮৯৯০০০২০ (অফিস)
ই-মেইল-dcbogra@mopa.gov.bd

কার্যবিবরণি নং-০৫.৫০.১০০০.০০৬.০২.০৪৮.২৪.২৯৬

তারিখ ঃ ২৬ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৮. পুলিশ সুপার, বগুড়া
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া
১০. সিভিল সার্জন, বগুড়া
১১. উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
১২. নির্বাহী প্রকৌশলী (সকল), বগুড়া
১৩. অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব/(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া
১৪. মেয়র, বগুড়া পৌরসভা, বগুড়া
১৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল),........................ বগুড়া
১৬. ........................................................................................, বগুড়া

০৮/০৩/২০২৪

জেলা প্রশাসক
বগুড়া